

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭০০

আগরতলা, ৪ নভেম্বর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

‘ফার্মাসিস্ট ছাড়াই ওষুধের দোকান!’ এই শিরোনামে গত ২৯ অক্টোবর, ২০২৪ স্যন্দন পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, প্রকাশিত সংবাদটি সঠিক নয়। সারুমে রেজিস্টার্ড ফার্মাসিস্ট ছাড়া কোন ওষুধের দোকান নেই। প্রতিটি ওষুধের দোকানে মনিটরিং করা হয় এবং তার রিপোর্ট ড্রাগ কন্ট্রোলারের কাছে পাঠানো হয়।
